

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, পাবনা
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.pabna.gov.bd

নির্বাচন অধিদপ্তর
অতীত জরুরী

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০৩৬.৩৩.০৪২.২৪. ৫০৫

তারিখঃ ২৩ বৈশাখ ১৪৩১
০৫ মে ২০২৪


“ গণবিজ্ঞপ্তি ”

আমি মুঃ আসাদুজ্জামান, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন ২০২৪ এর ১ম ধাপে সাঁথিয়া, বেড়া ও সুজানগর উপজেলায় ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ০৮ মে ২০২৪ তারিখ বুধবার সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা এর ০৫ মে ২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০৯.০১২.২৪-৩১৩ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৭ মে ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ মে ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

| | | | |
|-------------------|-----------|---------------|----------|
| ১) ট্যাক্সি ক্যাব | ২) পিক আপ | ৩) মাইক্রোবাস | ৪) ট্রাক |
|-------------------|-----------|---------------|----------|

০২। এছাড়াও ০৬ মে ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৯ মে ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশ/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা শিথিল করা হলো।


(মুঃ আসাদুজ্জামান)
জেলা ম্যাজিস্ট্রেট
পাবনা

ফোন : ০২৫৮৮৮৪৫৪৯৯

e-mail: dcpabna@mopa.gov.bd


স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০৩৬.৩৩.০৪২.২৪. ৫০৫

তারিখঃ ২৩ বৈশাখ ১৪৩১
০৫ মে ২০২৪

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

- ০৫। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)।
- ০৬। পুলিশ সুপার, পাবনা।
- ০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, পাবনা
- ০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা)
- ০৯। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, পাবনা
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, বেড়া/সাঁথিয়া/সুজানগর, পাবনা। [বিজ্ঞপ্তিটি আবশ্যিকভাবে জরুরি ভিত্তিতে তীর অধিক্ষেত্রের ইলেক্ট্রনিক মিডিয়ায় (স্থানীয় ডিস চ্যানেল) বহল প্রচারসহ ইউপি চেয়ারম্যান এর মাধ্যমে মাইকিং করে প্রচারপূর্বক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ১১। সিনিয়র জেলা তথ্য অফিসার, পাবনা। [তীকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় মাইকযোগে ব্যাপক প্রচারসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
- ১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা। [বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো]
- ১৩। অফিসার ইনচার্জ, বেড়া/সাঁথিয়া/সুজানগর/আমিনপুর/আতাইকুলা থানা, পাবনা। [গণবিজ্ঞপ্তিটি তার থানার অধিক্ষেত্রে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, পাবনা। [বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের অনুরোধসহ]
- ১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, পাবনা কেবল ভিশন। [বিজ্ঞপ্তিটি ক্যাবল নেটওয়ার্কের মাধ্যমে প্রচারের অনুরোধসহ]
- ১৬। নোটিশ বোর্ড।
- ১৭। অফিস কপি।


 ০৫/০৫/২০১৮
 জেলা ম্যাজিস্ট্রেট
 পাবনা